

একজন মহিলা যীশুর পা ধুয়ে দেন

শিশুরা উপাসনা শিখবে

শিশুদের বয়স ও প্রয়োজনের কথা মাথায় রেখে কার্যকলাপ পছন্দ করুন।



যদি সম্ভব হয় শিশুরা এই ছবিটি আঁকবে বা রঙ করবে

শিক্ষক বা একজন বড় ছেলে বা মেয়ে লুক ৭ঃ৩৬-৫০ পদ পাঠ করবে বা একজন মহিলা যিনি যীশুর পা ধুয়ে দেন তার চোখের জলের দ্বারা গল্লিটি মুখস্থ বলবে। তিনি দেখিয়েছিলেন কিভাবে আমরাও আমাদের শ্রেষ্ঠ জিনিস যীশুকে দিতে পারি এবং হৃদয় দিয়ে তাঁর উপাসনা করতে পারি।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। প্রত্যেক প্রশ্নের পরে উত্তর দেওয়া আছে।

- যীশুকে দেখতে কি ধরনের মহিলা এসেছিল? (দেখুন লুক ৭ঃ৩৭)
- মহিলাটি কিভাবে যীশুর জন্য তার ভালবাসা প্রদর্শন করেছিল? (দেখুন লুক ৭ঃ৩৮)
- ফরীশীরা সেই মহিলার প্রতি যীশুকে দিয়ে কি করাতে চাইছিল? (পাপিষ্ঠা বলে তাকে বার করে দেবে, লুক ৭ঃ৩৯)
- যীশুকে কে বেশী ভালবাসত, ফরীশীরা না সেই স্ত্রীলোকটি? (দেখুন লুক ৭ঃ৪০-৪৩)
- যীশু সেই স্ত্রীলোকটির প্রতি কি করেছিলেন? (দেখুন লুক ৭ঃ৪৮)

লুক ৭ অধ্যায় থেকে উপাসনাকারী মহিলার গল্পের অংশবিশেষ নাট্যরূপ দিন, উপাসনার নেতৃবর্গের সঙ্গে ব্যবস্থা করুন এই নাটকটি শিশুদের দিয়ে উপস্থাপন করতে। নাটকটির প্রস্তুতির জন্য শিশুদের জন্যে আপনার সময় ব্যবহার করুন। তাদের সব অংশ অভিনয় করার প্রয়োজন নেই। যদি নাটকটি অভিনয়ের জন্য যথেষ্ট সংখ্যক অভিনেতা না থাকে, বর্ণনাকারী সেই চরিত্রের নাম বলে তার বক্তব্য পড়ে দেবে।

- বড় শিশুরা যীশু ও বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করবেঃ
- অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা অভিনয় করবে শিমোন, ফরিসী ও স্ত্রীলোকের চরিত্রে, যার হাতে সুগন্ধি দ্রব্যের একটি বোতল থাকবে (অথবা আছে এরূপ ভান করবে)।

বর্ণনাকারীঃ গল্পের প্রথম অংশটি লুক ৭ঃ৩৬-৩৯ পদ থেকে বলবে। এরপর বলবে, “শুনুন শিমোন কি বলছে?”

শিমোনঃ “যীশু, আমি খুবই খুশী যে আপনি আমার বাড়ীতে ভোজন করতে এসেছেন। আসুন দয়া করে বসুন।” (যীশু শিমোন এবং বর্ণনাকারী বসবে)

ফরিসীঃ “দেখ, যীশু অবশ্যই খুবই গুরুত্বপূর্ণ নয়।”

“শিমোন তাকে চুম্বন দ্বারা অভিবাদন করল না।”

“সে যীশুর পা ধুয়ে দিল না।”

“সে যীশুর শরীরে সুগন্ধি ছড়িয়ে দিল।”

স্ত্রীলোকঃ যীশুর কাছে গিয়ে হাঁটু মুড়ে বসে কাঁদবে। যীশুর পায়ে সুগন্ধি চেলে দেবে এবং তার নিজের চুল দিয়ে পা মুছে দেবে।

ফরিসীঃ “সুন্দর সুগন্ধীর সুগন্ধ নাও!”

“এটা খুব দামী সুগন্ধী।”

“কিভাবে অপচয় হচ্ছে!”

শিমোনঃ “আমার কথা শুনুন। এই স্ত্রীলোকটি খুব খারাপ জীবন যাপন করেছে। আপনি তাকে আপনাকে স্পর্শ করতে দেবেন না। তাকে দুরে পাঠিয়ে দিন।”

বর্ণনাকারীঃ গল্পটির দ্বিতীয় অংশটি লুক ৭ঃ৪০-৪৭ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন যীশু কি বলছেন।”

যীশুঃ “শিমোন, দুই জন ব্যক্তি ঋণ নিয়েছিল। একজন খুব অল্প ঋণ নিয়েছিল, অন্যজন অনেক বেশী ঋণ নিয়েছিল। মহাজনকে কেউই ফেরৎ দিতে পারেনি, তাই মহাজন দুইজনের ঋণই ক্ষমা করে দিল। তাদের মধ্যে সেই মহাজনকে কে অধিক প্রেম করবে?”

শিমোনঃ “যে অধিক ঋণ নিয়েছিল।”

যীশুঃ “ঠিকই বলেছ। আমি তোমার বাড়ীতে এলাম কিন্তু তুমি আমার প্রতি সঠিক প্রেম প্রদর্শন করলে না। যদিও এই স্ত্রীলোক আমার প্রতি মহৎ প্রেম প্রদর্শন করেছে।”

বর্ণনাকারীঃ গল্পটির তৃতীয় অংশ লুক ৭ঃ৪৮-৫০ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন যীশু কি বলছেন।”

যীশুঃ “নারী, আমি তোমার পাপ ক্ষমা করে দিয়েছি।”

ফরিসীঃ (ক্রুদ্ধ হয়ে) “এই ব্যক্তি কিভাবে পাপ ক্ষমা করতে পারে?”

যীশুঃ “নারী তোমার বিশ্বাস তোমাকে পরিত্রাণ করেছে, শান্তিতে প্রস্থান কর।”

বর্ণনাকারী বা বড় ছেলে বা মেয়েঃ যারা নাটকে সাহায্য করেছে প্রত্যেককে ধন্যবাদ দেবে।

যদি শিশুরা নাটকটি বড়দের জন্য উপস্থাপন করে, ওকে তাদের বড়দের প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন যা উপরে দেওয়া আছে।



শিশুরা সুগন্ধির বোতলের ছবিটি আঁকবে। বড় ছেলেমেয়েরা ছোটদের সাহায্য করবে। তারা তাদের ছবি উপাসনার সময়ে বড়দের দেখাবে এবং বলবে যে এই সুগন্ধির বোতল ব্যক্ত করে যে আমরা কিভাবে আমাদের সর্বোচ্চ জিনিস দিয়ে যীশুর আরাধনা করতে পারি। আমরা আমাদের হৃদয় দিয়ে তাঁর আরাধনা করতে পারি।

শিশুদের জিজ্ঞাসা করুন, কি কি উপায়ে আমরা যীশুর প্রতি আমাদের প্রেম প্রদর্শন করতে পারি?
(শিশুদের উদাহরণ দিতে দিন)

রোমীয় ১২ঃ১ পদ মুখস্থ করুন।

কবিতাঃ তিনজন ছেলেমেয়ে প্রত্যেকে দুটি করে পদ মুখস্থ করবে গীতসংহিতা ১৫০ঃ১-৬ পদ থেকে।

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা তাদের যীশুর প্রতি প্রেম নিয়ে একটি ছোট কবিতা অথবা গান লিখবে। তারা এটি সপ্তাহের মধ্যে করতে পারে।

ঈশ্বরের প্রশংসা গান করুন।

প্রার্থনাঃ “প্রিয় প্রভু, আমাদের হৃদয়ে তোমার জন্য প্রেম তুমি দিয়েছ। আমরা তোমার প্রতি আমাদের প্রেম বিভিন্ন উপায়ে দেখাতে চাই। আমরা তোমার উপাসনা করি। আমরা তোমার পরিচর্যা করতে চাই। আমাদের ক্ষমা করার জন্য, তোমার সন্তান করার জন্য ধন্যবাদ জানাই।”